

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভূমি বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৪১.২৪ নথির বিষয়: ১০/১৯৮৯-৯০ নং এল.এ কেসের মাধ্যমে ঢাকা ওয়াসার অনুকূলে অধিগ্রহণকৃত ফয়দাবাদ মৌজাস্থিত সিএস-১১ নং দাগের কাতে ০.০৮২৫ একর ভূমির নক্সা-পর্চা উত্তোলন ও পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুতকরন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: ১০/১৯৮৯-৯০ নং এল.এ কেসের মাধ্যমে ঢাকা ওয়াসার অনুকূলে অধিগ্রহণকৃত ফয়দাবাদ মৌজাস্থিত সিএস-১১ নং দাগের কাতে ০.০৮২৫ একর ভূমির নক্সা-পর্চা উত্তোলন ও পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুতকরন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৯/২৪ ১:৩৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, ক্রাশ প্রোগ্রামের আওতায় গভীর নলকূপ স্থাপনের জন্য ১০/১৯৮৯-৯০ নং এল.এ কেসের মাধ্যমে ঢাকা ওয়াসার অনুকূলে ফয়দাবাদ মৌজাস্থিত সি.এস-১১ নং দাগের কাতে ০.০৮২৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়। উক্ত অধিগ্রহণকৃত ভূমির দখল গ্রহণের বিষয়ে ঢাকা ওয়াসার মতামত চেয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে পত্র প্রদান করা হয় (সংযুক্তি-১)।

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-১ (জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে প্রাপ্ত পত্র).pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৯/২৪ ১:৩৬ অপরাহ্ন

এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৯ এর কার্যালয়ের মতামত গ্রহণ করা হয়েছে। আবেদিত এলাকায় নিরবিচ্ছিন্নভাবে পানি সরবরাহ করার স্বার্থে উক্ত জমি জেলা প্রশাসকের কার্যালয় হতে বুঝে নিতে ভূমি বিভাগ হতে যথাযথ ভাবে সার্ভে করতঃ পদক্ষেপ নেয়ার জন্য মতামত প্রদান করা হয় (সংযুক্তি-২)।

সংযুক্তিসমূহ (১):

১। সংযুক্তি-২ (মডস জোন-৯ এর মতামত).pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৯/২৪ ১:৩৬ অপরাহ্ন

প্রস্তাবিত জমিটি মৌজা নক্সানুযায়ী সরেজমিনে পরিমাপ এবং উক্ত জমির মালিকানা যাচাইয়ের জন্য সিএস, আরএস, মহানগর জরিপ মৌজা নক্সা ও পর্চা উত্তোলন এবং পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুত করতে হবে। মৌজা নক্সা ও পর্চা উত্তোলন এবং পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুত বাবদ নিম্নলিখিত টাকার প্রয়োজন।

ক) সি.এস মৌজা নক্সা.....০১ x ৫৫০ = ৫৫০/-

(খ) আর.এস মৌজা নক্সা.....০১ x ৫৫০ = ৫৫০/-

(গ) মহানগর মৌজা নক্সা ০২ x ৫৫০ = ১,১০০/-

(ঘ) আর.এস পর্চা..... ০১ x ৭০০ = ৭০০/-

(ঙ) মহানগর পর্চা.....০২ x ৩০০ = ৬০০/-

(চ) পেন্টাগ্রাফ নক্সা ০১ x ৫,০০০ = ৫,০০০/-


মোটঃ ৮,৫০০/-

কথায়: আট হাজার পাঁচশত টাকা মাত্র।


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/৯/২৪ ১:৩৬ অপরাহ্ন

এমতাবস্থায় উপরোক্ত বর্ননার আলোকে ১০/১৯৮৯-৯০ নং এল.এ কেসের মাধ্যমে ঢাকা ওয়াসার অনুকূলে অধিগ্রহণকৃত ফয়দাবাদ মৌজাস্থিত সিএস-১১ নং দাগের কাতে ০.০৮২৫ একর ভূমির সরেজমিনে যৌথ পরিমাপ করে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতিনিধির নিকট হতে বুঝে নেয়ার স্বার্থে সিএস, আরএস, মহানগর জরিপ মৌজা নক্সা ও পর্চা উত্তোলন এবং পেন্টাগ্রাফ নক্সা প্রস্তুত বাবদ মোট ৮,৫০০/- (আট হাজার পাঁচশত টাকা) মাত্র ২০২৪-২৫ অর্থ বছরের “ভূমি রক্ষনাবেক্ষণ খাত” হতে উপ-সচিব ভূমি বিভাগ, ঢাকা ওয়াসার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসাবে প্রদান করা যায়। উল্লেখিত টাকা বিল-ভাউচার এর মাধ্যমে সমন্বয়ের জন্য হিসাব বিভাগে ভাউচার/মানিরিসিট প্রেরণ করা হবে। প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যায়। সবিনয়ে পেশ করা হলো।


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



৯/৯/২৪ ১:৫২ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ



৯/৯/২৪ ২:১৬ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
কানুনগো
ভূমি বিভাগ



৯/৯/২৪ ৩:৩২ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ


৯/৯/২৪ ৩:৩২ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১১/৯/২৪ ১০:০০ পূর্বাহ্ন

okay



১১/৯/২৪ ১০:০০ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর



১১/৯/২৪ ১:১১ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

১১/৯/২৪ ১:১১ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা